

নং-প্রকাঃএইচআরএমডি ৪৩৪১ঃ৩৪৯৬/২০১৮-২০১৯/

তারিখ : ২০-১২-২০১৮ ইং

বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর অধীনে জনাব রতন কুমার দেবনাথ (আর-৪৪১), উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, বিকেবি, নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা, নারায়ণগঞ্জ এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় শৃংখলাজনিত মামলা নং- ১৫/১৮-১৯।

অভিযোগনামা

যেহেতু আপনি জনাব রতন কুমার দেবনাথ, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, বিকেবি, নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা, নারায়ণগঞ্জ ইতোপূর্বে একই শাখায় মুখ্য কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকালে নিম্নোক্ত গুরুতর অনিয়ম সংঘটিত করেনঃ

(ক) মাস্টার এলসিতে উল্লেখিত শিপমেন্ট তারিখ ও এলসি এর কার্যকারিতার মেয়াদ উত্তীর্ণের পরও (LC Expired ও Late Shipment) রপ্তানি বিল নং এফবিপিএস-১১/১০২৭ ও এফবিপিএস-১১/১০২৮ নেগোশিয়েট করেন এবং রপ্তানি বিল ২ টি নেগোশিয়েট করার পর প্রধান কার্যালয়ে ৫২,০০,৯৯৯/- (৩৬,৬১,৩৫৩ + ১৫,৩৯,৬৪৬) টাকার ২ টি ডেবিট এ্যাডভাইস প্রেরণ করেন। রপ্তানি বিলের দায় পরিশোধকারী লরেনটিয়ান ব্যাংক অব কানাডা ২০.১২.২০১১ তারিখে ০৬টি গুরুত্বপূর্ণ Discrepancy প্রদর্শন করে উক্ত ২টি বিলের দায় পরিশোধে অস্বীকৃতি জানায়। দীর্ঘ দিন উক্ত ২টি বিলের দায় অপ্রত্যাশিত থাকায় আন্তর্জাতিক বানিজ্য বিভাগ হতে ৫৪,৮০,৫৫৩/- (৩৮,৫৮,১৫১+১৬,২২,৪০২) টাকার ০২ টি ডেবিট এ্যাডভাইস বিকেবি, নারায়ণগঞ্জ কর্পোরেট শাখায় প্রেরণ করা হয়। লরেনটিয়ান ব্যাংক অব কানাডা কর্তৃক অদ্যাবধি উক্ত বিলের দায় পরিশোধ না করার ফলে ব্যাংক ৫৪,৮০,৫৫৩/- (৩৮,৫৮,১৫১+১৬,২২,৪০২) টাকা আর্থিক ক্ষতির সম্মুখীন (পরিশিষ্ট -ক)।

(খ) মেসার্স এফ এফ গার্মেন্টস (প্রা:) লি: এর রপ্তানি বিলসমূহের মূল্য প্রত্যাশিত না হওয়ায়/আংশিক প্রত্যাশিত হওয়ায় অপ্রত্যাশিত বিলমূল্য সমন্বয়ের লক্ষ্যে বিকেবি, প্রধান কার্যালয় হতে ৩০.১১.২০১১ তারিখে ৩৩.২৬ লক্ষ টাকার এবং ২৮.০৩.২০১২ তারিখে ৫৪.৮১ লক্ষ টাকার ২ টি ডেবিট এ্যাডভাইস বিকেবি, নারায়ণগঞ্জ কর্পোরেট শাখায় প্রেরণ করা হয়। উক্ত ডেবিট এ্যাডভাইস ২টি যথাসময়ে সাড়া প্রদান না করে বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ঢাকা এর ০১.০১.১৩ হতে ৩১.১২.১৩ সময়কালের নিরীক্ষা আপত্তির প্রেক্ষিতে ২৩.০৪.২০১৪ তারিখে এ্যাডভাইস দুটি রেসপন্ড করে গুরুতর অনিয়ম সংঘটন করেন (পরিশিষ্ট -খ)।

০২। যেহেতু আপনি জনাব রতন কুমার দেবনাথ, আপনার উল্লেখিত কার্যকলাপে ইহা সুস্পষ্ট যে, বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ মোতাবেক আপনি দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও দুর্নীতিমূলক অপরাধ সংঘটিত করেছেন ;

০৩। এক্ষণে, সেহেতু আপনি জনাব রতন কুমার দেবনাথ, বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৮ (ক),(খ) ও (ঙ) প্রবিধি মোতাবেক আপনাকে যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও দুর্নীতিমূলক অপরাধের দায়ে অভিযুক্ত করা হলো এবং এতদ্বারা নির্দেশ দেয়া হলো যে, আপনাকে কেন উল্লিখিত প্রবিধানমালার বিধান মোতাবেক চাকুরী হতে বরখাস্ত অথবা অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা যাবে না তার জবাব ০৩ (তিন) প্রস্থে অত্র অভিযোগনামা প্রাপ্তির তারিখ হতে ১০ (দশ)টি কার্যদিবসের মধ্যে সরাসরি অত্র বিভাগে দাখিল করবেন এবং এও নির্দেশ দেয়া হলো যে, আত্মপক্ষ সমর্থনের জন্য আপনি ব্যক্তিগত শুনানী প্রদান করতে ইচ্ছুক কি-না তাও আপনার জবাবে উল্লেখ করবেন। যদি আপনি নির্ধারিত সময়ের মধ্যে জবাব দানে ব্যর্থ হন তা হলে সেক্ষেত্রে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর সংশ্লিষ্ট প্রবিধি মোতাবেক আপনার বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলাটি একতরফাভাবে নিষ্পত্তি করা হবে।

০৪। যে অভিযোগের উপর ভিত্তি করে অত্র অভিযোগনামা প্রনয়ন করা হয়েছে তার একটি বিবরণী আপনার জবাব তৈরীর সুবিধার্থে এতদসংগে সংযুক্ত করা হলো।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

সংযুক্তি : বর্ণনামতে

জনাব রতন কুমার দেবনাথ (আর-৪৪১)  
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা  
বাংলাদেশ কৃষি ব্যাংক  
বিকেবি, নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা  
নারায়ণগঞ্জ।

স্বাক্ষরিত

(মোঃ জহির ইকবাল)  
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকাঃএইচআরএমডি ৪৩৪১ঃ৩৪৯৬/২০১৮-২০১৯/ ১৫২৫(৬)  
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

তারিখ : ২০-১২-২০১৮ ইং

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা।
০৫. উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪ / কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭. উপ-মহাব্যবস্থাপক, প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-২ / ডিজিটেল স্কোয়াড বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৮. উপ-মহাব্যবস্থাপক, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ/আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৯. উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা, নারায়ণগঞ্জ। এতদসংগে প্রেরিত মূল অভিযোগনামা টি জনাব রতন কুমার দেবনাথ এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তর করতঃ প্রাপ্তি স্বীকার রশিদটি অত্র বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১০. মূলনথি /খন্ড নথি/ মহানথি

  
২৪/১২/২০১৮  
(মোঃ আব্দুর রউফ)  
সহকারী মহাব্যবস্থাপক